

# শিক্ষাব্যবস্থার উন্নয়নে ‘গবেষণা সহযোগিতা’ বাড়ানোর তাগিদ ঢাবি উপাচার্যের

ত্রিশাল (ময়মনসিংহ)  
প্রতিনিধি

০৫ মার্চ, ২০২৫ ২০:২৫

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কণ্ঠ

শিক্ষাব্যবস্থার উন্নয়নে রিসার্চ কোলাবোরেশন বাড়ানোর তাগিদ দিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড.  
নিয়াজ আহমদ খান।

বুধবার (৫ মার্চ) দুপুরে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে এক মতবিনিময়সভায় তিনি এই তাগিদ দেন।

প্রফেসর ড. নিয়াজ আহমদ খান বলেন, দেশের শিক্ষাব্যবস্থার উন্নয়নের জন্য গবেষণা সহযোগিতা (রিসার্চ কোলাবোরেশন) বাড়াতে হবে। একই সঙ্গে সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ভ্রাতৃত্ববোধ বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন তিনি।

শিক্ষা ও গবেষণায় পারস্পরিক বিনিময়ের মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে ভ্রাতৃত্ববোধ গড়ে তোলার আহ্বান জানান প্রফেসর ড. নিয়াজ আহমদ খান।

এ সময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. জয়নুল আবেদীন সিদ্দিকী, কলা অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ ইমদাদুল হুদা, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. এ এইচ এম কামাল, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. বখতিয়ার উদ্দিন, চারুকলা অনুষদের ডিন প্রফেসর ড. তপন কুমার সরকার, আইন অনুষদের ডিন মুহাম্মদ ইরফান আজিজ, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মো. হাবিব-উল-মাওলা (মাওলা প্রিন্স), প্রক্টর ড. মো. মাহবুবুর রহমান, ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মো. আশরাফুল আলম, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান প্রমুখ উপস্থিত ছিলেন।